

স্মারক নং-৩১.৬০.৫৮৭৪.০০১.০৫.০০৩.২৪-৬০৬

তারিখ: ১০/০৬/২০২৪ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি


এতদ্বারা মৌলভীবাজার জেলার জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২২/০৪/২০২৪ খ্রি. তারিখে মৌলভীবাজার সদর উপজেলাধীন কামালপুর বাজার সংলগ্ন মাঠে মোট ৬,০৫,৫৬৫ ঘনফুট, বিগত ২৮/০৫/২০২৪ খ্রি. তারিখে অক্সিজিট পুরাতন মাছের মেলা এলাকায় ৮৭,৮৮৫ ঘনফুট, শেরপুর ইপিজেড সংলগ্ন ৯১,৭৬৮ ঘনফুট, শেরপুর নতুন বস্তি এলাকায় ২১,০০০ ঘনফুট অবৈধভাবে উত্তোলিত বালু জব্দ করা হয়। জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের কার্যালয়ের রাজস্ব শাখার ১০/০৬/২০২৪ খ্রি. তারিখের ৯৭৮নং স্মারকের নির্দেশনা মোতাবেক আগামী ১২/০৬/২০২৪ খ্রি. তারিখ নিম্নবর্ণিত নির্ধারিত স্থান ও সময়ে উনুক্ত নিলামের মাধ্যমে জব্দকৃত বালু বিক্রয় করা হবে। বালু নিলামে ক্রয়ে আগ্রহী ব্যক্তিদের জব্দকৃত বালুর স্থান পরিদর্শন পূর্বক যথাসময়ে নিলাম কার্যে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নিলামের স্থান, সময় ও বালুর পরিমাণ

ক্রমিক	যে স্থানে নিলাম অনুষ্ঠিত হতে	বালুর পরিমাণ	সময়
১	কামালপুর বাজার সংলগ্ন মাঠ	৬,০৫,৫৬৫ ঘনফুট	সকাল ১০:০০ ঘটিকা
২	শেরপুর অক্সিজিট পুরাতন মাছের মেলা	৮৭,৮৮৫ ঘনফুট	দুপুর ১২:০০ ঘটিকা
৩	শেরপুর ইপিজেড সংলগ্ন (শেরপুর-ঢাকা মহাসড়কের উত্তর পাশে)	৯১,৭৬৮ ঘনফুট	দুপুর ১:০০ ঘটিকা
৪	শেরপুর নতুন বস্তি এলাকা	২১,০০০ ঘনফুট	দুপুর ২:০০ ঘটিকা

নিলাম ডাকের শর্তাবলী

- ১। নিলাম ডাকে ইচ্ছুক ব্যক্তিবর্গকে জামানত হিসেবে ২০,০০০ (বিশ হাজার) টাকা নগদ জমা করে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। মূল্য নির্ধারণ কমিটির সুপারিশকৃত ভিত্তিমূল্যের অধিক সর্বোচ্চ ডাককারীর নামে নিলাম বরাদ্দ হবে। ডাকের সমুদয় অর্থ (ভ্যাট ও আয়করসহ) আগামী ১৩/০৬/২০২৪খ্রি. তারিখের মধ্যে ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জাম দিতে হবে। চালানোর মূলকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিয়ে দখলদেহী সংগ্রহ করতে হবে।
- ৩। সর্বোচ্চ নিলাম ডাককারী ব্যক্তিকে ক্রয়কৃত মোট মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর ট্রেজারি চালানোর মাধ্যমে নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।
- ৪। নিলামে ক্রয়কৃত বালু দখলদেহী পাওয়ার ১৫ দিনের মধ্যে অপসারণ করতে হবে। কোন অবস্থাতেই বালু নির্ধারিত সময়ের অধিক সময় স্টক করা যাবে না।
- ৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল নিলাম ডাক গ্রহণ বাতিল বা সম্পূর্ণ নিলাম প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(ফয়সাল মাহমুদ ফুয়াদ)
পরিচিতি নং-১৯০৩৪
সহকারী কমিশনার (ভূমি)
মৌলভীবাজার সদর।

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
- ২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার সদর।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), (সকল), মৌলভীবাজার।
- ৪। অফিসার ইনচার্জ, মৌলভীবাজার মডেল থানা, মৌলভীবাজার (নিলাম অনুষ্ঠানের সময় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্য মোতায়নের জন্য)।
- ৫। সহকারী প্রোগ্রামার, মৌলভীবাজার সদর (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মৌলভীবাজার সদর (বহুল প্রচারের অনুরোধসহ)।

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে

১। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।

২। পুলিশ সুপার, মৌলভীবাজার।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), মৌলভীবাজার।